



## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.৩০.০০২.২১.২৬০০

তারিখ : ১৭ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
০২ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ কমিশনের সিএন্ডএফ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২৪ আগস্ট ২০২১ তারিখে দৈনিক ইত্তেফাক ও The Daily Star পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে গত ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে “জ-ক্যাটাগরী” সিএন্ডএফ সেবা সংক্রান্ত কাজের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন সমূহের মধ্যে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহের আবেদন কমিশনের তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক যাচাই-বাছাই ও প্রয়োজনীয় ক্ষেত্রে পরিদর্শন সাপেক্ষে গৃহীত হয়েছে। এরই প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বিটিআরসি’র সিএন্ডএফ সেবা সংক্রান্ত কাজের জন্য শর্তসাপেক্ষে তালিকাভুক্ত করা হলো :-

নং	প্রতিষ্ঠানের নাম	ঠিকানা
১.	সালভেশন লজিস্টিকস লিমিটেড	বাসা # ১৪১, রোড # ৪, মোহাম্মদীয় হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
২.	মেসার্স বিসমিল্লাহ এন্টারপ্রাইজ	রিসোর্সফুল পল্টন সিটি, ৫১/৫১এ পুরানা পল্টন (৯ম তলা), ঢাকা-১০০০।
৩.	মেসার্স রায়হানা এন্টারপ্রাইজ	প্রপার্টি-আরও (৪র্থ তলা) ১/এ, পূর্ব তেজতুরী বাজার, তেজগাঁও, ঢাকা।

### শর্তাবলী :

- আগামী ০১ জানুয়ারি ২০২২ - ৩০ জুন ২০২৩ মেয়াদের জন্য বর্ণিত প্রতিষ্ঠান সমূহকে তালিকাভুক্ত করা হল এবং এই তালিকাভুক্তি ০১ জানুয়ারি ২০২২ তারিখ হতে কার্যকর হবে।
- কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন, দরপত্র/সীমিত দরপত্র আহবান করা হলে দ্রুত সময়ের মধ্যে তার জবাব প্রদানের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানকে তাদের ই-মেইল, ফোন, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির নম্বর কমিশনে জমা দিতে হবে।
- কমিশন কর্তৃক কাজের জন্য দরপত্র/সীমিত দরপত্র আহবান করা হলে যথাসময়ে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়ন পূর্বক কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
- কমিশনের চাহিদা অনুযায়ী পর পর ০৩ (তিন) বার কোটেশন/সীমিত দরপত্র দাখিলে ব্যর্থ হলে প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠান যদি কোন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠান কিংবা অন্য কোন প্রতিষ্ঠানে কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- দাখিলকৃত দরপ্রস্তাবে দর অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাধুতা বা কারচুপি অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- তালিকাভুক্তি সংক্রান্ত সরকারি বিধি-নিষেধ, সরকারি অন্যান্য নীতিমালা এবং অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম অথবা সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।